Question Type-01: পীড়ন ও বিকৃতি

➲ **Formula & Concept:**

♦ বিকৃতি হল একক মাত্রায় পরিবর্তন।

➢ দৈর্ঘ্য বিকৃতি $= \frac{\ell}{L}$; যেখানে, ℓ = দৈর্ঘ্যের পরিবর্তন, L = আদি দৈর্ঘ্য

➢ আয়তন বিকৃতি $= \frac{v}{V}$; যেখানে, v = আয়তনের পরিবর্তন, V = আদি আয়তন

➢ কৃন্তন বিকৃতি = কৃন্তন কোণ = θ বা $\tan\theta$ কারণ $\theta = \tan\theta$ যখন θ মান খুব ছোট এবং θ রেডিয়ানে হিসাব করতে হবে।

➢ পীড়ন $= \frac{F}{A}$; যেখানে F = প্রযুক্ত বল, A = ক্ষেত্রফল

➢ হুকের সূত্রঃ স্থিতিস্থাপক সীমার মধ্যে, $\frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}}$ = ধ্রুবক, অর্থাৎ পীড়ন $\propto$ বিকৃতি। পীড়ন ও বিকৃতির অনুপাত হল স্থিতিস্থাপক গুণাঙ্ক।

♦ বিকৃতির কোনো একক নেই।

♦ পীড়ন, চাপ, স্থিতিস্থাপক গুণাঙ্ক প্রত্যেকেরই একক $\frac{N}{m^2}$ বা Pa এবং এগুলো সবই স্কেলার রাশি।

---

01. দুইটি ভিন্ন পদার্থের তৈরী সমান দৈর্ঘ্যের (2 m) এবং সমান ব্যাসের (1 mm) দুইটি তার সিরিজে সংযুক্ত আছে। যে পরিমাণ বল প্রয়োগ করলে এদের সম্মিলিত দৈর্ঘ্য 0.9 mm বৃদ্ধি পাবে তার মান বের কর। [$Y_1 = 2 \times 10^{11}\ Nm^{-2}$ ও $Y_2 = 7 \times 10^{11}\ Nm^{-2}$] **[CKRUET'20-21]**

(a) 219.8 N (b) 635.85 N (c) 2198×10^8 N (d) 109.9 N (e) 6.36 N

সমাধানঃ (সঠিক উত্তর নেই); সিরিজে সংযুক্ত থাকলে উভয় তারে সমান বল প্রযুক্ত হবে।

$Y = \frac{FL}{Al} \Rightarrow \frac{FL}{A} = Yl = \text{constant}$

$Y_1 l_1 = Y_2 l_2 \Rightarrow \frac{l_1}{l_2} = \frac{Y_2}{Y_1} = \frac{7\times10^{11}}{2\times10^{11}} = \frac{7}{2} \Rightarrow 2l_1 - 7l_2 = 0 \ldots\ldots\ldots \text{(i)}; l_1 + l_2 = 0.9 \ldots\ldots\ldots \text{(ii)}$

Solving (i) and (ii) $\Rightarrow l_1 = 0.7\text{mm}, l_2 = 0.2\text{mm}$

$\therefore F = \frac{Y_1 A l_1}{L} = \frac{2\times10^{11}\times\pi\times(0.5\times10^{-3})^2\times0.7\times10^{-3}}{2}\text{N} = 54.98\text{N}$

02. একই পুরুত্বের দুটি তামার তারের দৈর্ঘ্যের অনুপাত 1: 2। একই বলে প্রসারিত করলে তার দুটির বিকৃতির অনুপাত কত?

(a) 1: 1 (b) 1: 2 (c) 2: 1 (d) 1: 4 **[BUET'13-14, BUTEX'12-13]**

সমাধান: (a) একই পুরুত্বের দুটি তামার তারের জন্য Y ও A একই হবে

$\therefore Y_1 = Y_2$; $A_1 = A_2$ এবং প্রশ্নমতে, $F_1 = F_2$

$L_1 : L_2 = 1:2$, $\ell_1 : \ell_2 = ?$

$Y_1 = \frac{F_1 L_1}{A_1 \ell_1} \ldots\ldots\ldots \text{(i)}, Y_2 = \frac{F_2 L_2}{A_2 \ell_2} \ldots\ldots\ldots \text{(ii)}$; (ii) ÷ (i) $\Rightarrow 1 = \frac{L_2}{\ell_2} \times \frac{\ell_1}{L_1}$

$\therefore$ বিকৃতির অনুপাত $= \frac{\ell_1}{L_1} : \frac{\ell_2}{L_2} = \frac{\ell}{L_1} \times \frac{L_2}{\ell_2} = 1$

[প্রশ্ন হতে বোঝা যায় যে F, A অভিন্ন বলে পীড়ন অভিন্ন হবে, ফলে Y স্থির রাখার জন্য বিকৃতি অভিন্ন হবে]

03. Two steel wires of length 1.0 m and 2.0 m have diameters 1.0 mm and 2.0 mm, respectively. If they are stretched by forces of 40 N and 8 N respectively, what is the ratio of their elongation? **[IUT'11-12]**

(a) 3:7 (b) 10:1 (c) 5:12 (d) 2:5

Solution: (b); $Y_1 = Y_2 \Rightarrow \frac{\frac{40}{(1\times10^{-3})^2}}{\frac{\Delta l_1}{1}} = \frac{\frac{8}{(2\times10^{-3})^2}}{\frac{\Delta l_2}{2}} \Rightarrow \frac{\Delta l_1}{\Delta l_2} = \frac{10}{1}$

04. দুটি তারের দৈর্ঘ্য সমান কিন্তু ব্যাস যথাক্রমে 3 mm এবং 6 mm। তার দুইটিকে সমান বলে টানলে প্রথমটির দৈর্ঘ্য বৃদ্ধি দ্বিতীয়টির দৈর্ঘ্য বৃদ্ধির তিনগুণ হয়। তার দুটির মধ্যে কোনটি বেশি স্থিতিস্থাপক? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে তোমার মতামত ব্যক্ত কর।

সমাধান: $l_1 = 3l_2$; $r_1 = 1.5 \times 10^{-3}\text{m}$; $r_2 = 3 \times 10^{-3}\text{m}$ **[BUET'18-19]**

$\frac{Y_1}{Y_2} = \frac{\frac{FL}{A_1 l_1}}{\frac{FL}{A_2 l_2}} = \frac{r_2^2 l_2}{r_1^2 l_1} = \frac{4}{3}$; $Y_1 : Y_2 = 4:3$ ∴ প্রথমটি বেশি স্থিতিস্থাপক।

05. সমান দৈর্ঘ্যের দুটি ভিন্ন পদার্থের তারের দৈর্ঘ্য বরাবর সমান বল প্রয়োগ করা হল। ফলে দ্বিতীয় তারটি প্রথমটির 2.5 গুণ প্রসারিত হল। তার দুটির ইয়ং এর গুণাঙ্ক যথাক্রমে $1.8 \times 10^{11}\text{Nm}^{-2}$ ও $1.6 \times 10^{11}\text{Nm}^{-2}$। এদের ব্যাসের অনুপাত নির্ণয় কর।

[RUET'11-12, 03-04]

সমাধান: আমরা জানি, $F = \frac{YAl}{L}$; এখন, $l_2 = 2.5l_1$; এখন, $F_1 = \frac{Y_1 A_1 l_1}{L_1}$; $F_2 = \frac{Y_2 A_2 l_2}{L_1}$; $L_1 = L_2$; $l_2 = 2.5l_1$

& $F_1 = F_2$ ∴ $F_1 L_1 = F_2 L_2$

∴ $Y_1 A_1 l_1 = Y_2 A_2 l_2 \Rightarrow Y_1 \pi \left(\frac{d_1}{2}\right)^2 l_1 = Y_2 \pi \left(\frac{d_2}{2}\right)^2 l_2$ ∴ $\left(\frac{d_1}{d_2}\right)^2 = \frac{Y_2 l_2}{Y_1 l_1} = \frac{1.6\times10^{11}\times2.5l_1}{1.8\times10^{11}\times l_1} = \frac{20}{9}$

∴ $\frac{d_1}{d_2} = \frac{2\sqrt{5}}{3}$ ∴ $d_1 : d_2 = 2\sqrt{5}:3$

06. বিকৃতির (Strain) মাত্রা লিখ। **[BUTEX'10-11]**

সমাধান: বিকৃতির মাত্রা নেই। কারণ ইহা একই প্রকার দুটি রাশির অনুপাত।

07. একই দৈর্ঘ্যের দুটি ইস্পাতের তারের ব্যাস যথাক্রমে 1.0mm ও 2.0mm। তার দুটিকে যথাক্রমে 40N ও 80N বল দ্বারা টানা হল, এদের প্রসারণের অনুপাত নির্ণয় কর। **[BUET'08-09]**

সমাধান: $F = \frac{YAl}{L}$ ∴ $\frac{F_1}{F_2} = \frac{A_1 \times L_2 \times l_1}{L_1 \times A_2 \times l_2} = \frac{40}{80}$ $[L_1 = L_2] \Rightarrow \frac{\ell_1}{\ell_2} = \frac{1}{2} \times 1 \times \left(\frac{2}{1}\right)^2 = 2$ ∴ $\ell_1 : \ell_2 = 2:1$

08. একই পদার্থের দুইটি তার A এবং B এর দৈর্ঘ্যের অনুপাত 1:2 এবং ব্যাসের অনুপাত 2:1 যদি একই বল দ্বারা তার দুটোকে টানা হয়, তখন A এবং B এর দৈর্ঘ্য বৃদ্ধির অনুপাত কি হবে? **[BUET'06-07]**

সমাধান: আমরা জানি, $Y = \frac{FL_1}{\pi r_1^2 \ell_1} = \frac{FL_2}{\pi r_2^2 \ell_2} \Rightarrow \frac{L_1}{r_1^2 \ell_1} = \frac{L_2}{r_2^2 \ell_2}$ ∴ $\frac{\ell_1}{\ell_2} = \frac{L_1}{L_2}\left(\frac{r_2}{r_1}\right)^2 = \frac{1}{2}\left(\frac{1}{2}\right)^2 = \frac{1}{8}$

∴ $\ell_1 : \ell_2 = 1:8$ (Ans.)

09. দুইটি তারের প্রত্যেকটির দৈর্ঘ্য 3 m এবং এদের ইয়ং এর গুণাংক যথাক্রমে $1.6\times10^{11}\ \text{Nm}^{-2}$ এবং $1.8\times10^{11}\ \text{Nm}^{-2}$। তার দুইটির দৈর্ঘ্য বরাবর সমান বল প্রয়োগ করা হলে দেখা যায় দ্বিতীয়টি প্রথমটির দ্বিগুণ প্রসারিত হয়েছে। তাঁর দুইটির ব্যাসার্ধের অনুপাত নির্ণয় কর। **[RUET'06-07]**

সমাধান: $Y_1 = \frac{FL_1}{\pi r_1^2 l_1}$; $Y_2 = \frac{FL_2}{\pi r_2^2 l_2}$ ∴ $\frac{\pi r_1^2 l_1 Y_1}{L_1} = \frac{\pi r_2^2 l_2 Y_2}{L_2}$

$\frac{r_1}{r_2} = \sqrt{\frac{1.8\times10^{11}\times2l_1}{1.6\times10^{11}\times l_1}} = 1.5 = \frac{15}{10} = \frac{3}{2}$ (Ans.)

$Y_1 = 1.6\times10^{11}\ \text{Nm}^{-2}$
$Y_2 = 1.8\times10^{11}\ \text{Nm}^{-2}$
$\frac{r_1^2}{r_2} = \frac{l_2 Y_2}{l_1 Y_1}$

10. 2 টি বিভিন্ন উপাদানের তৈরী তারের প্রত্যেকটির দৈর্ঘ্য 10 মি. এবং ইহাদের ব্যাস যথাক্রমে 2 মি. মি. এবং 4 মি. মি.। প্রথম পদার্থের ইয়ং-এর স্থিতিস্থাপক গুণাংক দ্বিতীয় পদার্থের ইয়ং-এর স্থিতিস্থাপক গুণাংক-এর চেয়ে চারগুণ বেশী। দৈর্ঘ্য বরাবর উভয়ের উপরই ১০০ কিলোগ্রাম ওজনের বল প্রয়োগ করলে, প্রথম ও দ্বিতীয় তারের প্রসারের তুলনা বাহির কর। **[CUET'05-06]**

সমাধান: $\frac{Y_1}{Y_2} = \frac{\frac{F.L}{\pi r_1^2 \ell_1}}{\frac{F.L}{\pi r_2^2 \ell_2}}$; $4 = \frac{r_2^2 \ell_2}{r_1^2 \ell_1} = \frac{(2\times10^{-3})^2 \ell_2}{(10^{-3})^2 \ell_1} \Rightarrow 4 = \frac{4\ell_2}{\ell_1}$

∴ $\ell_1 = \ell_2$ ∴ $\ell_1 : \ell_2 = 1:1$

$r_1 = 10^{-3}\text{m}$
$r_2 = 2\times10^{-3}\ \text{m}$
$L_1 = L_2 = L = 10\text{m}$
$Y_1 = 4Y_2$
$F_1 = F_2 = F = 100 \times 9.8\text{N}$

11. ইস্পাত ও রাবারের মধ্যে কোনটি বেশী স্থিতিস্থাপক? তোমার উত্তরের ব্যাখ্যা দাও। **[KUET'04-05]**

সমাধান: একই দৈর্ঘ্য ও প্রস্থচ্ছেদ বিশিষ্ট রাবার ও ইস্পাতের তার সমান দৈর্ঘ্য বৃদ্ধি করতে ইস্পাতে বেশি বল প্রয়োগ করতে হয়। তাই ইস্পাত রাবার অপেক্ষা বেশি স্থিতিস্থাপক।

12. দুটি সমান দৈর্ঘ্যের তারের ব্যাসার্ধের অনুপাত 1 : 2 । এদের উপর একটি সমান বল প্রয়োগ করা হল। যদি তার দুটির দৈর্ঘ্যে বৃদ্ধির অনুপাত 3 : 1 হয় তবে তার দুটির উপাদানের ইয়ং-এর গুণাংকের অনুপাত নির্ণয় কর। **[KUET'04-05]**

সমাধান: $Y_1 = \frac{FL}{\pi r_1^2 \ell_1}$; $Y_2 = \frac{FL}{\pi r_2^2 \ell_2}$; $Y_1 : Y_2 = \frac{FL}{\pi r_1^2 \ell_1} \times \frac{\pi r_2^2 \ell_2}{FL} = \left(\frac{r_2}{r_1}\right)^2 \times \left(\frac{l_2}{l_1}\right)$; $Y_1 : Y_2 = \left(\frac{2}{1}\right)^2 \times \left(\frac{1}{3}\right) = \frac{4}{3}$ (Ans.)

Question Type-02: ইয়ং গুণাঙ্ক ও প্রযুক্ত বল

➲ **Formula & Concept:**

$Y = \frac{FL}{A\ell}$; Y= স্থিতিস্থাপক গুণাংক বা ইয়ং এর গুণাঙ্ক, F = যে দিকে দৈর্ঘ্যের পরিবর্তন হয় সে দিকে প্রযুক্ত বল, L = আদি দৈর্ঘ্য, A = প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল, ℓ = দৈর্ঘ্যের পরিবর্তন।

01. 2m দীর্ঘ ঝুলন্ত একটি তারের নিচের প্রান্তে 10kg ভর ঝুলালে এর দৈর্ঘ্য 0.6mm বাড়ে। তারের উপাদানের ইয়ং গুণাঙ্ক $2 \times 10^{11} Nm^{-2}$ হলে তারের ব্যাসার্ধ কোনটি? **[KUET'18-19]**

(a) 1.28mm (b) 0.52mm (c) 0.06cm (d) 0.84cm (e) 0.72mm

সমাধান: **(e)**; $A = \frac{FL}{\ell Y} \Rightarrow \pi r^2 = \frac{mgL}{\ell Y} \Rightarrow r = 0.72mm$

02. A 91 kg man's thighbone has a relaxed length of 0.50m, a cross-sectional area of $7.0 \times 10^{-4} m^2$ and a young's modulus of 1.1×10^{11} Nm^{-2}. By how much does the thighbone compress when the man is standing on both feet? **[IUT'18-19]**

(a) 4.26 cm (b) 4.26 μm (c) 3.25 cm (d) 3.25 μm

Solution: (No correct answer); $Y = \frac{FL}{A\Delta l} \Rightarrow \Delta l = \frac{FL}{AY} = \frac{\left(\frac{91 \times 9.8}{2}\right) \times 0.5}{7 \times 10^{-4} \times 1.1 \times 10^{11}} = 2.895 \times 10^{-6} m$

03. 2.2 m দীর্ঘ ঝুলন্ত একটি তারের নিচের প্রান্তে 8.4 kg ভর ঝুলালে এর দৈর্ঘ্য 0.52 mm বাড়ে। তারের উপাদানের ইয়াং গুণাঙ্ক 2×10^{11} Nm^{-2} হলে তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল নির্ণয় কর। **[KUET'17-18]**

(a) $1.568 \times 10^{-6} m^2$ (b) $1.48 mm^2$

(c) $1.6 \times 10^{-2} cm^2$ (d) $1.74 \times 10^{-6} m^2$ (e) $2 \times 10^{-6} m^2$

সমাধান: **(d)**; $Y = \frac{FL}{Al} = \frac{mgL}{Al}$ $\therefore A = 1.74 \times 10^{-6}$ m^2

04. A man whose weight is 0.80 kN is standing upright. How much his thighbone shortened compared to when he is lying down? The length of his thighbone when lying is 43.0 cm and the area of the thighbone is 8.0 cm. [Young's modulus of the thighbone $Y = 9.4 \times 10^9$ Pa] **[IUT'16-17]**

(a) $2.29 \times 10^{-3} cm$ (b) $3.29 \times 10^{-3} cm$ (c) $1.29 \times 10^{-3} cm$ (d) $4.57 \times 10^{-3} cm$

Solution: (a); L = 43cm $l = \frac{FL}{YA} = \frac{\frac{W}{2} \times L}{YA} = 2.29 \times 10^{-3} cm$; [As the weight is divided in two legs, the weight has been divided by two]

05. 1 cm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট তামার তারকে টেনে দ্বিগুণ লম্বা করতে কত বলের প্রয়োজন হবে? [$Y = 2 \times 10^{11} Nm^{-2}$] **[RUET'14-15]**

(a) $10^7 N$ (b) $2 \times 10^7 N$ (c) $3 \times 10^7 N$ (d) $4 \times 10^7 N$ (e) None

সমাধান: **(b)**; $F = \frac{YAl}{L} = \frac{2 \times 10^{11} \times 1 \times 10^{-4} \times L}{L} = 2 \times 10^7$; $[l = L' - L = 2L - L = L]$

06. A 10kg mass is suspended by a metallic string with cross-sectional area of $1.0 mm^2$. The length of the wire with the mass suspended is 4.02m. When the mass is removed, the length is reduced by 0.02m. What is the modulus of elasticity of the wire? **[IUT'14-15]**

(a) $1.96 \times 10^{10} Nm^{-2}$ (b) $1.86 \times 10^{10} Nm^{-2}$ (c) $1.76 \times 10^{10} Nm^{-2}$ (d) $2.96 \times 10^{10} Nm^{-2}$

Solution: (a); $Y = \frac{\frac{F}{A}}{\frac{\Delta l}{L}} = \frac{mgL}{A\Delta l} = \frac{10 \times 9.8 \times 4}{1 \times 10^{-6} \times 0.02} = 1.96 \times 10^{10}$ Nm^{-2}

07. A platform is suspended by four wires at its corners. The wires are 3m long and have a diameter of 2.00 mm. Young's modulus of the material of the wire is $1.8 \times 10^{11}\text{Nm}^{-2}$. How far will the platform drop due to the elongation of the wires if a 50kg load is placed at the centre of the platform? **[IUT'14-15]**

(a) 0.65mm (b) 0.65cm (c) 0.42mm (d) 0.55mm

Solution: (a); $Y = \frac{\frac{F}{A}}{\frac{\Delta l}{L}} \Rightarrow \Delta l = \frac{FL}{AY} = \frac{mgL}{AY} = \frac{\frac{50}{4}\times 9.8\times 3}{\pi\times\left(\frac{2\times10^{-3}}{2}\right)^2\times 1.8\times10^{11}} = 0.65\text{ mm}$

08. 2m দৈর্ঘ্য এবং 1mm^2 প্রস্থচ্ছেদ এর একটি ষ্টীল তারের মুক্ত প্রান্তে 20N বল প্রয়োগ করলে কতটুকু দৈর্ঘ্য বৃদ্ধি পাবে? $[Y = 2 \times 10^{11}\text{Nm}^{-2}]$ **[KUET'13-14, 10-11, RUET'13-14]**

(a) 2×10^{-4}cm (b) 4×10^{-4}m (c) 2×10^{-4}km (d) 2×10^{-4}m (e) 4×10^{-3}m

সমাধান: (d); $Y = \frac{FL}{A\ell} \therefore l = \frac{FL}{AY} = \frac{20\times2}{10^{-6}\times2\times10^{11}} = \frac{20}{10^5} = 2 \times 10^{-4}\text{m}$

09. একটি তারের দৈর্ঘ্য 2m এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 1 mm^2। তারটির এক প্রান্তে 20N বল প্রয়োগ করলে এর দৈর্ঘ্য বৃদ্ধি কত? $(Y = 2 \times 10^{11}\text{Nm}^{-2})$ **[RUET'13-14]**

(a) 0.2×10^{-4}m (b) 2.0×10^{-4}m (c) 2.0×10^{-5}m (d) 0.2×10^{-5}m (e) None

সমাধান: (b); $Y = \frac{FL}{A\ell} \therefore l = \frac{FL}{AY} = \frac{20\times2}{2\times10^{11}\times10^{-6}} = 2 \times 10^{-4}\text{m}$

10. Steel wire has a length of 2m and cross-sectional area of 1mm^2. When 20 N force is applied to the wire its length is increased by 2×10^{-4}m. What is the Young's modulus for steel? **[IUT'11-12]**

(a) $2.5 \times 10^{11}\text{Nm}^{-2}$ (b) $2.25 \times 10^{11}\text{Nm}^{-2}$ (c) $3.5 \times 10^{11}\text{Nm}^{-2}$ (d) $2 \times 10^{11}\text{Nm}^{-2}$

Solution: (d); $Y = \frac{\frac{F}{A}}{\frac{\Delta l}{L}} = \frac{\frac{20}{1\times10^{-6}}}{\frac{2\times10^{-4}}{2}} = 2 \times 10^{11}\text{ Nm}^{-2}$

11. A weight of 15 kg is hung with a wire of cross-sectional area 2 mm^2. The length of the wire is 4 m at the time of hanging the weight. Taking Young's modulus of the wire as $1.3 \times 10^{10}\text{ Nm}^{-2}$, find the reduction of length of the wire when the weight is withdrawn. **[IUT'10-11]**

(a) 0 m (b) Increase in length by 5cm

(c) 0.025 m (d) 0.0225 m

Solution: (d); $Y = \frac{\frac{F}{A}}{\frac{\Delta l}{L}} = \frac{\frac{mg}{A}}{\frac{\Delta l}{L}} \Rightarrow \frac{\Delta l}{L} = \frac{mg}{AY} \Rightarrow \frac{\Delta l}{4-\Delta l} = \frac{15\times9.8}{2\times10^{-6}\times1.3\times10^{10}} \Rightarrow \Delta l = 0.022488 \approx 0.0225\text{ m}$

12. সমান দৈর্ঘ্য ও $r = 0.5\text{cm}$ ব্যাসার্ধের দুটি ইস্পাত তারের সাহায্যে 45 kg ভরের একটি ট্রাফিক লাইট ঝুলানো আছে। যদি তার দুটি অনুভূমিকের সাথে 15° কোণ তৈরি করে, তাহলে ট্রাফিক লাইটের ওজনের জন্য তার দুটির দৈর্ঘ্য বিকৃতির পরিমাণ কত হবে? দেওয়া আছে, ইস্পাতের ইয়ং-এর গুণাঙ্ক $2 \times 10^{11}\text{Nm}^{-2}$। **[BUET'19-20]**



সমাধান: ; লামির উপপাদ্য অনুসারে, $\frac{W}{\sin 150°} = \frac{T_1}{\sin(90+15°)} = \frac{T_2}{\sin(90+15°)}$

$\Rightarrow T_1 = \frac{W}{\sin 150°} \times \cos 15° = 851.9465\text{ N}\,;\, T_2 = 851.9465\text{ N}$

আমরা জানি, $Y = \frac{T/A}{l/L} \Rightarrow \frac{l}{L} = \frac{T/A}{Y} = \frac{851.9465}{\pi\times(5\times10^{-3})^2\times2\times10^{11}} \Rightarrow \frac{l}{L} = 5.4427 \times 10^{-5}$

13. 1 mm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 5% বৃদ্ধি করতে কত বল প্রয়োগ করতে হবে? ($Y = 2\times10^{11}\text{ Nm}^{-2}$ for steel) **[CUET'09-10, 03-04]**

সমাধান: $F = \frac{YA\ell}{L} = 2 \times 10^{11} \times 10^{-6} \times \frac{5}{100} = 10{,}000\text{ N}$

$Y = 2 \times 10^{11}\text{ Nm}^{-2}$

$A = 1\text{mm}^2 = 10^{-6}\text{ m}^2;\ \frac{\ell}{L} = \frac{5}{100}$

14. $2mm^2$ প্রস্থচ্ছেদের একটি তারের সাথে 15kg ভর ঝুলানো আছে। ভর ঝুলানো অবস্থায় তারটির দৈর্ঘ্য 4m । তারের উপাদানের ইয়ং এর গুণাংক $1.3 \times 10^{10} Nm^{-2}$। ভরটি সরিয়ে নিলে তারটির দৈর্ঘ্য কি পরিমাণ সংকুচিত হবে? **[RUET'08-09]**

সমাধান: এখানে, $A = 2mm^2 = 2 \times 10^{-6} m^2$; $m = 15kg$; $L + \ell = 4$; $\ell = (4 - L)$; $Y = \frac{FL}{A\ell}$

$Y = \frac{FL}{A(4-L)}$ বা, $1.3 \times 10^{10} = \frac{15 \times 9.8 \times L}{2 \times 10^{-6}(4-L)}$ বা, $(4 - L)2.6 \times 10^4 = 147L$

বা, $10.4 \times 10^4 = (147 + 2.6 \times 10^4)L$ বা, $L = 3.9775$

আদিদৈর্ঘ্য $= L$
দৈর্ঘ্য বৃদ্ধি $= \ell$

$\therefore$ সংকুচিত হবে $\ell = 0.022488m = 22.488mm$ [Ans]

15. কোন তারের দৈর্ঘ্য 3m এবং ভর 20gm। 50N টানে এর দৈর্ঘ্য 1mm বাড়ে। ইয়াং এর গুণাঙ্ক নির্ণয় কর। তারের ঘনত্ব $7.5 \times 10^3 kgm^{-3}$। **[RUET'07-08, 05-06]**

সমাধান: এখানে, তারের দৈর্ঘ্য, $L = 3m$, ভর, $m = 20gm = 0.02kg$,

প্রযুক্ত বল, $F = 50N$, দৈর্ঘ্যের বৃদ্ধি, $l = 1mm = 10^{-3}m$

তারের আয়তন, $V = \frac{m}{\rho} = \frac{0.02kg}{7.5 \times 10^3 kg\, m^{-3}} = 2.67 \times 10^{-6} m^3$

$\therefore$ তারের প্রস্থচ্ছেদ ক্ষেত্রফল, $A = \frac{V}{L} = \frac{2.667 \times 10^{-6} m^3}{3m} = 8.89 \times 10^{-7} m^2$

সুতরাং ইয়ং-এর গুণাঙ্ক, $Y = \frac{F/A}{l/L} = \frac{FL}{Al} = \frac{50 \times 3}{8.89 \times 10^{-7} \times 10^{-3}} = 1.687 \times 10^{11} Nm^{-2}$ (Ans.)

16. 1m লম্বা এবং 1mm ব্যাসের একটি তারের এক প্রান্তে 80 N এর একটি ওজন ঝুলাতে হবে। যদি এক্ষেত্রে 1mm এর বেশি দৈর্ঘ্য-বৃদ্ধি গ্রহণযোগ্য না হয়, তাহলে তামার তার ব্যবহার করা যাবে কি? [তামার ইয়ং গুণাঙ্ক $= 13 \times 10^{10}\ Nm^{-2}$]

সমাধান: $Y = \frac{FL}{\pi r^2 l} \Rightarrow l = \frac{FL}{\pi r^2 Y} = \frac{80 \times 1}{\pi \times (0.5 \times 10^{-3})^2 \times 13 \times 10^{10}} = 7.83 \times 10^{-4} m = 0.783\ mm$

$\therefore$ তামার তার ব্যবহার করা যাবে। **[BUET'04-05]**

17. দুইটি নির্দিষ্ট প্রান্ত বিন্দুর মধ্যবর্তী 30m লম্বা একটি অ্যালুমিনিয়ামের তারের মধ্যে গ্রীষ্মকালে টানা বল 200 kN। গ্রীষ্ম ও শীত কালের মধ্যে পারিপার্শ্বিক তাপমাত্রার ব্যবধান 25°C। যদি তারের ব্যাসার্ধ 1.5 cm, তারের উপাদানের তাপীয় দৈর্ঘ্য প্রসারাংক $24 \times 10^{-6} / °C$ এবং ইয়ং এর গুণাংক $7 \times 10^7 Ncm^{-2}$ হয় তবে শীতকালে তারের মধ্যে সৃষ্ট অতিরিক্ত বলের পরিমাণ এবং এই অতিরিক্ত বলের ধরন নির্ণয় কর। তখন তারের মধ্যে সর্বসাকুল্যে বলের পরিমাণ কত? **[RUET'04-05]**

সমাধান: $F = YA\alpha t = 7 \times 10^7 \times 10^4 \times \pi \times (1.5 \times 10^{-2})^2 \times 24 \times 10^{-6} \times 25 = 296880N = 296.88\ kN$(Ans.)

অতিরিক্ত বল $= 296.88$ kN; শীতকালে টান = গ্রীষ্মকালে টান + $F = 200 \times 10^3 + 296.88 \times 10^3 = 496.88 \times 10^3$ N

18. দুটি নির্দিষ্ট প্রান্তবিন্দুর মধ্যবর্তী 50 মিটার লম্বা একটি অ্যালুমিনিয়াম তারের মধ্যে শীতকালে টানা বল 100 kN। শীত ও গ্রীষ্ম কালের মধ্যে পারিপার্শ্বিক তাপমাত্রা ব্যবধান 20°C। যদি তারের ব্যাসার্ধ 1 সে. মি., উপাদানের তাপীয় দৈর্ঘ্য প্রসারাংক $20 \times 10^{-6} / °C$ এবং ইয়ং এর গুণাংক $1.1 \times 10^7\ Ncm^{-2}$ হয় তবে গ্রীষ্মকালে তারের মধ্যে সৃষ্ট বলের পরিমাণ নির্ণয় কর। **[CUET'04-05]**

সমাধান: $Y = \frac{Fl}{A\Delta l}$, আবার, $\alpha = \frac{\Delta l}{tl} \Rightarrow \alpha t = \frac{\Delta l}{l}$

সুতরাং, $F = YA\frac{\Delta l}{l} = YA\alpha t$

$= 1.1 \times 10^{11} \times 3.14 \times 10^{-4} \times 20 \times 10^{-6} \times 20$

$= 13816$ N. (Ans.)

গ্রীষ্মকালে টান = শীতকালে টান − F

$100 \times 10^3 - 13816 = 86184$ N

এখানে, $A = \pi r^2 = 3.141 \times (0.01)^2$ $t = 20°C$

$= 3.141 \times 10^{-4}\ m^2$

$Y = 1.1 \times 10^7\ Ncm^{-2} = 1.1 \times 10^{11}\ Nm^{-2}$

19. 130 cm দীর্ঘ এবং 1.1 mm ব্যাসের একটি ইস্পাতের তারকে 830°C তাপমাত্রায় উত্তপ্ত করে তারের দুই প্রান্ত দুটি দৃঢ় বন্ধনীর সাথে এরূপ আঁটকিয়ে দেয়া হলো যেন তারটি দুপাশে টানা অবস্থায় থাকে। তারটি ঠান্ডা হয়ে 20°C এ নেমে আসলে তারে কি পরিমাণ টান সৃষ্টি হবে? [ইস্পাতের ইয়াং গুণাংক, $Y = 200 \times 10^9\ Nm^{-2}$, প্রসারাংক, $\alpha = 11 \times 10^{-6} / °C$] **[BUET'03-04]**

সমাধান: আমরা জানি, $T = YA\Delta t\alpha$

$= 200 \times 10^9 \times \pi \times (5.5 \times 10^{-4})^2 \times 810 \times 11 \times 10^{-6}$

$= 1693$ N (Ans.)

এখানে, $\Delta t = (830 - 20)°C = 810°C$

$r = \frac{1.1}{2} mm = 5.5 \times 10^{-4} m$, $A = \pi r^2$, $T = ?$

Question Type-03: কাঠিন্যের গুণাঙ্ক

➲ **Formula & Concept:**

♦ দৃঢ়তার গুণাঙ্ক, $\eta = \frac{F}{A\tan\theta}$



এখানে, F = তলের সমান্তরালে প্রযুক্ত বল এবং A = যে তল বরাবর বল প্রয়োগ করা হয়

তার ক্ষেত্রফল, $\tan\theta \approx \theta = \frac{x}{L}$; [θ (রেডিয়ান এককে)]

দৃঢ়তার গুণাঙ্ক, $\eta = \frac{F}{A\theta}$; যেখানে, $\theta = \frac{\text{সরণ}}{\text{বাহুর দৈর্ঘ্য}}$

Note: η (Modulus of Rigidity) কে বাংলায় বিভিন্ন নামে পাঠ্যবইগুলোতে উল্লেখ করা হয়েছে। যেমন: কাঠিন্যের গুণাঙ্ক/দৃঢ়তার গুণাঙ্ক/ব্যবর্তন গুণাঙ্ক/মোচড় গুণাঙ্ক।

01. একটি দেয়াল হতে 4.8cm ব্যাসের একটি অ্যালুমিনিয়ামের দন্ড অনুভূমিকভাবে 5.3cm প্রক্ষেপিত আছে। দন্ডটির শেষ প্রান্তে 1200kg ভরের একট বস্তু ঝোলানো হল। অ্যালুমিনিয়ামের ব্যবর্তন গুণাংক $3 \times 10^{10}\text{Nm}^{-2}$। দন্ডটির ভরকে উপেক্ষা করে (a) দন্ডটির উপর ব্যবর্তন পীড়ন, এবং (b) দন্ডটির প্রান্তের উল্লম্ব বিচ্যুতি নির্ণয় কর। **[BUET'16-17]**

সমাধান: ব্যবর্তন গুণাঙ্ক, $\gamma = \frac{F}{A\theta}$; $\theta = \frac{F}{A\gamma} \Rightarrow \theta = \frac{1200\times9.8}{3\times10^{10}\times\pi\left(\frac{4.8\times10^{-2}}{2}\right)^2} = 2.166 \times 10^{-4}$ radian

(a) ব্যবর্তন পীড়ন $= \frac{F}{A} = \frac{1200\times9.8}{\pi\left(\frac{4.8\times10^{-2}}{2}\right)^2} = 6.5 \times 10^{6}\text{Nm}^{-2}$

(b) উল্লম্ব বিচ্যুতি $= 5.3 \times \tan\theta = 1.148 \times 10^{-3}\text{cm}$

Question Type-04: আয়তন গুণাঙ্ক

➲ **Formula & Concept:**



V আয়তনের কোনো বস্তুর উপর বল প্রয়োগের ফলে যদি এর আয়তন v পরিমাণ কমে যায় তাহলে, আয়তন বিকৃতি $= \frac{v}{V}$

আয়তন বিকৃতি ঘটাতে যদি কোনো বস্তুর A ক্ষেত্রফলের উপর F বল লম্বভাবে প্রয়োগ করতে হয় তাহলে, আয়তন পীড়ন $= \frac{F}{A}$

আয়তন গুণাঙ্ক, $B = \frac{\text{আয়তন পীড়ন}}{\text{আয়তন বিকৃতি}} \therefore B = \frac{\frac{F}{A}}{\frac{v}{V}} = \frac{PV}{v}$; $[\frac{F}{A} = \text{চাপ, P}]$

এখানে, P = প্রযুক্ত চাপ, V= আদি আয়তন, v = আয়তন পরিবর্তন, $V \pm v$ = পরিবর্তনের পর আয়তন, B = আয়তন গুণাঙ্ক।

সংনম্যতা হচ্ছে আয়তন গুণাঙ্কের বিপরীত রাশি। অর্থাৎ, সংনম্যতা, $K = \frac{1}{\text{আয়তন গুণাঙ্ক}} = \frac{1}{B}$ [B = আয়তন গুণাঙ্ক(Bulk modulous)]

লক্ষণীয়ঃ আয়তন গুণাঙ্ককে কখনও কখনও অসংনম্যতা বলা হয়।

বিঃদ্রঃ কোন কোন বইয়ে আয়তন গুণাঙ্ককে K দ্বারা এবং সংনম্যতাকে C দ্বারা প্রকাশ করা হয়েছে।

01. পানির উপরিতলে পানির ঘনত্ব $1.03 \times 10^{3}\text{kgm}^{-3}$ হলে 800 atm চাপ গভীরতায় পানির ঘনত্ব কত হবে? [দেওয়া আছে, পানির সংনম্যতা $= 45.8 \times 10^{-11}\text{Pa}^{-1}$ এবং $1\text{ atm} = 1.013 \times 10^{5}\text{Pa}$] **[BUET'16-17]**

সমাধান: $B = \frac{PV}{v} \therefore v = \frac{P}{B}V = 0.037V$; $V' = V - v = 0.9629V$ | $\frac{1}{B} = 45.8 \times 10^{-11}\text{Pa}^{-1}$

যেহেতু, ভর অপরিবর্তিত থাকবে। $\therefore V\rho = V'\rho' \therefore \rho' = \frac{V\rho}{V'} = \frac{V}{0.9629V} \times 1.03 \times \frac{10^3\text{kg}}{\text{m}^3} = 1069.7\,\text{kgm}^{-3}$

02. $2 \times 10^8 \text{Nm}^{-2}$ চাপে সীসার ঘনত্ব কত হবে? [সীসার স্বাভাবিক ঘনত্ব $\rho = 11.4 \text{gcm}^{-3}$ এবং সীসার আয়তন গুণাঙ্ক $0.80 \times 10^{10} \text{Nm}^{-2}$] **[BUET'08-09, KUET'03-04]**

সমাধান: আমরা জানি, আয়তন গুণাঙ্ক, $B = \frac{VP}{v}$ বা, $\frac{V}{v} = \frac{B}{P} = \frac{0.80 \times 10^{10} \text{Nm}^{-2}}{2 \times 10^8 \text{Nm}^{-2}} = 40 \ \therefore v = \frac{V}{40}$

ধরা যাক, চাপ প্রয়োগের ফলে সীসার নতুন আয়তন হল V' এবং নতুন ঘনত্ব হল ρ'

চাপ প্রদানের পূর্বে সীসার ভর = চাপ প্রদানের পর সীসার ভর

$V\rho = V'\rho'$; বা, $\rho' = \frac{V\rho}{V'}$ কিন্তু $V' = V - v = V - \frac{V}{40} = \frac{39V}{40}$

সুতরাং $\rho' = \frac{V\rho}{\frac{39}{40}V}$ বা, $\rho' = \frac{40\rho}{39} \ \therefore \rho' = \frac{40 \times 11.4 \times 10^3 \text{kgm}^{-3}}{39} = 11.692 \times 10^3 \text{kgm}^{-3}$

03. একটি পদার্থের উপর প্রযুক্ত আয়তন পীড়ন $3 \times 10^8 \text{ Nm}^{-2}$ এবং আয়তন বিকৃতি 1.5×10^{-3} হলে ঐ পদার্থের উপাদানের আয়তন গুণাংক নির্ণয় কর। **[BUTEX'06-07]**

সমাধান: আয়তন গুণাংক $= \frac{\text{আয়তন পীড়ন}}{\text{আয়তন বিকৃতি}} = \frac{3 \times 10^8 \text{Nm}^{-2}}{1.5 \times 10^{-3}} = 2 \times 10^{11} \text{Nm}^{-2}$.

04. ইস্পাতের ইয়ং এর গুণাংক $2.1 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ও পানির আয়তনের স্থিতিস্থাপক গুণাংক $2.1 \times 10^9 \text{ Nm}^{-2}$। ইস্পাত ও পানির ঘনত্ব যথাক্রমে $7.8 \times 10^3 \text{ kgm}^{-3}$ ও 10^3 kgm^{-3}। ইস্পাত ও পানিতে শব্দের বেগের তুলনা কর। **[KUET'04-05]**

সমাধান: $V_s = \sqrt{\frac{Y}{\rho}} = \sqrt{\frac{2.1 \times 10^{11}}{7.8 \times 10^3}} = 5188.75 \text{ ms}^{-1}$; $V_w = \sqrt{\frac{B}{\rho}} = \sqrt{\frac{2.1 \times 10^9}{10^3}} = 1449.14 \text{ ms}^{-1} \ \therefore \frac{V_s}{V_w} = \frac{5188.75}{1449.14} = 3.58$ (Ans.)

Qucstion Type-05: পয়সনের অনুপাত

➲ **Formula & Concept:**

➢ পয়সনের অনুপাত, $\sigma = \frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} = \frac{\frac{d}{D}}{\frac{l}{L}}$; যেখানে, D = আদি ব্যাস, d = ব্যাসের পরিবর্তন (চিহ্ন বাদে), L = তারের আদি দৈর্ঘ্য, l = বাহ্যিক বলের প্রভাবে দৈর্ঘ্য বৃদ্ধি।

➢ পয়সনের অনুপাতের কোনো মাত্রা ও একক নেই।

➢ তাত্ত্বিকভাবে, পয়সনের অনুপাতের মান -1 এর চেয়ে কম এবং $+\frac{1}{2}$ এর চেয়ে বেশি হতে পারে না। অর্থাৎ, $-1 \leq \sigma \leq \frac{1}{2}$

➢ পয়সনের অনুপাতে পজেটিভ/নেগেটিভ sign নিয়ে বিভ্রান্ত হলে পরমমান নিয়ে কাজ করবে।

মনে রাখবে, পয়সনের অনুপাত কেবল তখনই ঋণাত্মক হতে পারে, যখন দৈর্ঘ্য প্রসারণের ফলে বস্তুর ব্যাস বৃদ্ধি পায়। এ ধরনের বস্তুকে Auxetics বলা হয়।

01. পয়সনের অনুপাতের মান নিচের কোনটির সমান হতে পারে না? **[BUTEX'14-15]**

(a) 0.01 (b) 0.1 (c) 0.4 (d) 0.6

সমাধান: (d); σ এর সীমা -1 থেকে $\frac{1}{2}$

02. 1 m দীর্ঘ ও 1 mm ব্যাসের একটি তারের দৈর্ঘ্য 0.05 cm বৃদ্ধি করা হলে তারটির ব্যাস হ্রাস পাবে- [Poisson ratio, $\gamma = 0.25$]

(a) $1.25 \times 10^{-7}\text{m}$ (b) $1.25 \times 10^{-7}\text{cm}$ (c) $12.5 \times 10^{-7}\text{m}$ (d) $1.25 \times 10^{-7}\text{mm}$ **[BUET'13-14]**

সমাধান: (a); $\Delta d = \gamma \times \frac{\Delta L}{L_o} \times D = 0.25 \times \frac{0.05}{100} \times 1\text{mm}$; $\Delta d = 1.25 \times 10^{-7}\text{m}$

03. বল প্রয়োগের ফলে একটি তারের দৈর্ঘ্য 1% পরিবর্তন হলে এর ব্যাস শতকরা কত ভাগ পরিবর্তিত হবে? [পয়সনের অনুপাত 0.2.]

(a) 1% (b) 2% (c) 0.2% (d) 5% **[BUET'12-13]**

সমাধান: (c); $\sigma = 0.2; \Delta l = \frac{1}{100}L$

এখন, $\sigma = \frac{\Delta dL}{D\Delta l} \Rightarrow \sigma = \frac{\Delta dL}{D\times\frac{1}{100}L} \Rightarrow 0.2 = \frac{\Delta d\times 100}{D} \Rightarrow \Delta d = \frac{0.2}{100}D \Rightarrow \Delta d = D$ এর 0.2%

04. 3m দৈর্ঘ্য এবং 1mm ব্যাস বিশিষ্ট একটি ধাতব তারকে 10kg ওজন দ্বারা টানা হল। যদি ইহার উপাদানের ইয়াং-এর গুণাঙ্ক এবং পয়সনের অনুপাত যথাক্রমে $12.5 \times 10^{11}\text{dyne/cm}^2$ ও 0.26 হয় তাহলে এর পার্শ্বীয় সংকোচন বের কর। **[CUET'11-12]**

(a) $2.6 \times 10^{-5}\text{cm}$ (b) $2.6 \times 10^{-8}\text{cm}$ (c) $2.6 \times 10^{-7}\text{cm}$ (d) None of these

সমাধান: (a); $Y = \frac{FL}{Al} = \frac{mgL}{\pi r^2 l}$

$[1\ \text{dyne/cm}^2 = \frac{1}{10}\text{Nm}^{-2} \quad \therefore\ 12.5 \times 10^{11}\text{dyne/cm}^2 = 12.5 \times 10^{10}\text{Nm}^{-2}]$

বা, $l = \frac{mgL}{\pi r^2 Y} = \frac{10\times 9.8\times 3}{3.1416\times(0.5\times10^{-3})^2\times 12.5\times10^{10}}$ বা, $l = 2.99 \times 10^{-3}\text{m}$

$\therefore$ দৈর্ঘ্য সংকোচন $= \frac{l}{L} = \frac{2.99\times10^{-3}}{3} = 9.98 \times 10^{-4}\text{m}$; পয়সনের অনুপাত $= \frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}}$

$\therefore$ পার্শ্বীয় সংকোচন = পয়সনের অনুপাত × দৈর্ঘ্য সংকোচন $= 0.26 \times 9.98 \times 10^{-4}\text{m} = 2.6 \times 10^{-4}\text{m}$

$\therefore$ এখন পার্শ্ব বিকৃতি $= \frac{\Delta D}{D}$ $\therefore$ পার্শ্বীয় সংকোচন $= 2.6 \times 10^{-4} \times 10^{-1}\text{cm} = 2.6 \times 10^{-5}\text{cm}$

05. 3m দীর্ঘ ও 3mm ব্যাসার্ধের একটি তারকে টানলে তারের দৈর্ঘ্য বৃদ্ধি হয় 0.2mm। তারটির ব্যাস কতটুকু কমবে? [পয়সনের অনুপাত $\sigma = 0.2$] **[BUTEX'20-21]**

সমাধান: এখানে, $L = 3\text{m}, r = 3\text{mm} = 3 \times 10^{-3}\text{m}, \Delta L = 0.2\text{mm} = 0.2 \times 10^{-3}\text{m}$

আমরা জানি, পয়সনের অনুপাত $= \frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} = \frac{\frac{\Delta r}{r}}{\frac{\Delta L}{L}} = \frac{L\Delta r}{r\Delta L}$

$\therefore \sigma = \frac{L\Delta r}{r\Delta L} \Rightarrow 0.2 = \frac{3\times\Delta r}{3\times10^{-3}\times0.2\times10^{-3}} \Rightarrow \Delta r = 4 \times 10^{-8}\text{m}$

$\therefore \Delta d = 2 \times \Delta r = 2 \times 4 \times 10^{-8}$ $\therefore$ তারটির ব্যাস $8 \times 10^{-8}\text{m}$ কমবে।

06. 2 mm ব্যাসের একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 15% বৃদ্ধি করতে কত kN বল প্রয়োগ করতে হবে? এর ফলে তারের ব্যাসের কতটা পরিবর্তন হবে? [ইস্পাতের Young's Modulus $2 \times 10^{11}\ \text{Nm}^{-2}$ এবং Poisson's ratio is 0.25] **[BUET'17-18]**

সমাধান: আমরা জানি, $F = \frac{YAl}{L}$

$= 2 \times 10^{11} \times \pi \times (1 \times 10^{-3})^2 \times 0.15$

$= 94247.78\ \text{N} = 94.2478\ \text{kN}$ (Ans.)

আবার আমরা জানি, $\sigma = \frac{\Delta d\times L}{d\times l}$

$\Rightarrow \Delta d = \sigma \times d \times \frac{l}{L} = 0.25 \times 2 \times 10^{-3} \times 0.15$

$\Rightarrow \Delta d = 7.5 \times 10^{-5}\ \text{m}$

$\therefore$ তারের ব্যাস কমে যাবে, $\Delta d = 7.5 \times 10^{-5}\ \text{m}$ (Ans.)

দেওয়া আছে, $Y = 2 \times 10^{11}\ \text{Nm}^{-2}$

$\sigma = 0.25$

$\frac{l}{L} = 15\% = 0.15$

$d = 2 \times 10^{-3}\ \text{m} = 2\ \text{mm}$

$r = \frac{d}{2} = 1 \times 10^{-3}\ \text{m}$

Question Type-06: অসহ পীড়ন

➲ **Formula & Concept:**

➢ ন্যূনতম যে নির্দিষ্ট ভারের ক্রিয়ায় কোনো বস্তু ভেঙ্গে বা ছিঁড়ে যায় তাকে অসহ ভার বা অসহ ওজন বলে। আর কোনো একটি বস্তুর একক ক্ষেত্রফলের উপর প্রযুক্ত অসহ ভারকে অসহ পীড়ন বলে।

➢ অসহ পীড়ন $= \frac{\text{অসহ ওজন}}{\text{ক্ষেত্রফল}}$

01. 1.5×10^6gm ভরের একটি লিফট একটি ইস্পাতের তারের সাহায্যে ঝুলানো আছে। উহার উঠার সময় লিফটের সর্বোচ্চ ত্বরণ 1.2ms^{-2} এবং অসহপীড়ন $3.0 \times 10^8\text{Nm}^{-2}$ হলে তারের সর্বনিম্ন ব্যাসার্ধ কত? **[CUET'13-14, 10-11]**

(a) 4.33×10^{-3}m (b) 4.19×10^{-3}m (c) 3.7×10^{-3}m (d) None of these

সমাধান: **(b)**; $F = m(g + a) = 1.5 \times 10^3 \times 11\text{N}; A = \pi r^2$

পীড়ন $= \frac{F}{A} \therefore A = \frac{1.5\times10^3\times11}{3\times10^8} = 5.5 \times 10^{-5}$; $r = 4.19 \times 10^{-3}$m

Question Type-07: কৃতকাজ সংক্রান্ত সমস্যা

➲ **Formula & Concept:**

♦ তারের দৈর্ঘ্য বৃদ্ধির জন্য কৃতকাজঃ ইয়ং গুণাঙ্ক বিশিষ্ট, A প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল এবং L দৈর্ঘ্যের কোনো তারের দৈর্ঘ্য l পরিমাণ বৃদ্ধি করতে কৃতকাজ, $W = \frac{1}{2}\frac{YAl^2}{L} = \frac{1}{2}Fl$

এই কাজ তারে বিভবশক্তি হিসেবে জমা হয়।

∴ একক আয়তনে বিভবশক্তি $= \frac{1}{2} \times \frac{Yl}{L} \times \frac{l}{L} = \frac{1}{2}$ পীড়ন × বিকৃতি

01. A force of 100 N is required to stretch a steel wire 2.0 mm^2 in cross sectional area and 2.0 m long a distance of 0.50 mm. How much work is done? **[IUT'17-18]**

(a) 0.25 N-m (b) 0.025 N-m (c) 2.5 N-m (d) 25 N-m

Solution: (b); $W = \frac{1}{2}F \times l = \frac{1}{2} \times 100 \times 0.5 \times 10^{-3} = 0.025$ J (Ans.)

02. 5m দৈর্ঘ্য এবং 1 mm ব্যাস বিশিষ্ট তারে 100 kg ভর চাপালে দৈর্ঘ্য 0.3mm প্রসারিত হয়। তারটির সঞ্চিত শক্তির পরিমাণ কত?

(a) 0.0147 J (b) 0.03 J (c) 0.147 J (d) 5 J (e) 100 J **[KUET'16-17]**

সমাধান: **(c)**; $W = \frac{1}{2}Fx = \frac{1}{2}mgx = \frac{1}{2} \times 100 \times 9.8 \times 0.3 \times 10^{-3} = 0.147$ J

03. 2m দৈর্ঘ্য এবং 1mm^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি তারকে টেনে 0.11mm প্রসারিত করতে প্রয়োজনীয় কাজের পরিমাণ কত? [ইয়ং এর গুণাঙ্ক $= 2 \times 10^{11}\text{Nm}^{-2}$] **[KUET'15-16]**

(a) 6.05×10^{-4}J (b) 6×10^{-3}N (c) 5.03×10^{-4}J (d) 6.05J (e) 3.03×10^{-4}N

